কক্সবাজারের আবাসিক হোটেলে আগুন, আতঙ্কে পর্যটকরা



ছবি: সংগৃহীত

কক্সবাজারের কলাতলী হোটেল-মোটেল জোনের কক্স অ্যাম্বাসেডর হোটেলে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার (১২ নভেম্বর) সন্ধ্যা সাড়ে ৬টার দিকে হোটেলটির অষ্টম তলার একটি কক্ষে আগুন লাগে।

আগুন ছড়িয়ে পড়ার আশঙ্কায় হোটেলে অবস্থান করা শতাধিক পর্যটক ছাড়াও আশপাশের হোটেলের অতিথি ও স্থানীয় বাসিন্দারা বাইরে বেরিয়ে আসেন। খবর পেয়ে ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘটনাস্থলে গিয়ে আগুন নেভানোর কাজ শুরু করে।

কক্সবাজার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের উপপরিচালক সৈয়দ মোর্শেদ হোসেন জানান, হোটেলের একটি কক্ষে এসি থেকে আগুনের সূত্রপাত হয়েছে। ফায়ার সার্ভিসের কর্মীরা আগুন নিয়ন্ত্রণে কাজ করছেন। পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে।

এ ঘটনায় এখন পর্যন্ত হতাহতের কোনো খবর পাওয়া যায়নি।

এর আগে গত ২৩ অক্টোবর শহরের সুগন্ধা পয়েন্টের আবাসিক হোটেল সি প্রিন্সেসে আগুন লাগলেও ফায়ার সার্ভিসের তৎপরতায় বড় ধরনের ক্ষয়ক্ষতি এড়ানো সম্ভব হয়।

LENS ASIA